

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৬ জানুয়ারি, ২০১৭

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: সংস্থার কার্যক্রমকে শক্তিশালী ও জবাবদিহিতা এবং স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কর্মসূচি ও ব্যবস্থাপনা মূল্যায়ন ছক পূরণ প্রসঙ্গে।

প্রিয়সহকর্মীবৃন্দ,

জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ, ২০১৭ এর মধ্যে অঞ্চল ভিত্তিক বার্ষিক কর্মী সম্মেলন অনুষ্ঠিত হবে। বার্ষিক কর্মী সম্মেলন এর মাধ্যমে সংস্থার কার্যক্রমকে শক্তিশালী ও জবাবদিহিতা এবং স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সকল কর্মীদের নিকট থেকে কর্মসূচি ও ব্যবস্থাপনা বিষয়ক মূল্যায়ন ছকটি পূরণের মাধ্যমে মতামত গ্রহণ করা হবে। এতে কর্মীদের মধ্যে একটা অনুপ্রেরণা সৃষ্টি হবে যা ভবিষ্যতে সংস্থার কার্যক্রমকে আরো গতিশীল এবং গুণগত মান বৃদ্ধির সহায়ক হবে। নিম্নে মূল্যায়ন ছক পূরণের জন্য করণীয় বিষয় উল্লেখ করা হল:-

১. প্রতি কর্মীকে কোর্ট কর্মসূচির উপর কমপক্ষে দুইটি ভাল ও খারাপ এবং ব্যবস্থাপনার দুইটি ভাল এবং খারাপ দিক লিখতে হবে।
২. কর্মক্ষেত্রে কোন উর্ধ্বতন কর্মীর ব্যবহারে আপনি উদ্বেগ হয়েছেন এবং কর্মস্পৃহা বেড়েছে এমন একটি ঘটনার সংক্ষিপ্ত বিবরণ লিখতে হবে।
৩. কর্মক্ষেত্রে কোন উর্ধ্বতন কর্মী আপনার সাথে খারাপ ব্যবহার করেছেন এতে আপনি মনে কষ্ট পেয়েছেন তার একটি সংক্ষিপ্ত বিবরণ লিখতে হবে।
৪. কোন উর্ধ্বতন কর্মী সম্পর্কে অভিযোগ দিতে আপনি ভয় পান তার নাম লিখতে হবে।
৫. কোর্টের ভবিষ্যৎ কর্মসূচি এবং ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে আপনার দুইটি সুপারিশ লিখুন।
৬. মূল্যায়ন ছকটিতে আপনার নাম লিখার প্রয়োজন নাই, নির্ভয়ে পূরণ করুন এবং ভাঁজ করে আপনার হাতে রাখুন। আমাদের প্রতিনিধি আপনার কাছ থেকে কাগজটি সংগ্রহ করবেন।
৭. আপনার মতামতের ভিত্তিতে ভবিষ্যতে সংস্থার সকল পর্যায়ে সুষ্ঠু সঠিক ও সুন্দর ব্যবস্থাপনা ও কর্মসূচি গ্রহণে সহায়ক ভূমিকা পালন করবে এবং প্রতিটি সম্মেলনের পরে কর্মীদের মতামতের ভিত্তিতে তাৎক্ষণিকভাবে পরদিন উক্ত অঞ্চলের ব্যবস্থাপকদের ফিডব্যাক প্রদান করা হবে। পরে কেন্দ্রীয়ভাবে পর্যালোচনা করা হবে এবং শিক্ষণীয় বিষয়গুলো নির্ধারণ করে কাজ করা হবে।
৮. এই সার্কুলারটি প্রতিটি অফিসের সকল কর্মীর স্বাক্ষর নিয়ে আগামী ১০ ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো নিশ্চিত করতে হবে তার পর সংশ্লিষ্ট ফাইলে চলে যাবে।
৯. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে আগামী ১০ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি

সংযুক্তি: মূল্যায়ন ফরমেট